দৈনিক ইত্তেফাক

JUN. 28 2002

পৃষ্ঠা ৩ কলাম ৪

ঢাবিতে যৌন নিপীড়নের অভিযোগ

# তদন্ত কমিটি ছাত্রী ও শিক্ষক উভয়কেই জিজ্ঞাসাবাদ করবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ যৌন নিপীড়নের অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ডঃ শেখ আব্দুস সালাম এবং অভিযোগকারী ছাত্রীকে আজ শুক্রবারের মধ্যে তদন্ত কমিটির নিকট শোকজ নোটিসের জবাব লিখিত আকারে

(৫ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ঢাবিতে যৌন

(৩য় পৃঃ পর)

জমাদানের জন্য বলা হয়েছে। যৌন হয়রানির ঘটনায় গঠিত তদন্ত কমিটির প্রথমদিনের সভায় গতকাল বুধবার এ সিদ্ধান্ত হয়। তবে তৃতীয়বর্ষের ছাত্রীর এ অভিযোগের ঘটনা পুরোটাই অস্বীকার করেছেন ডঃ শেখ আব্দুস সালাম।

গতকাল প্রশাসনিক ভবনে তদন্ত কমিটির আহ্বায়ক কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসানের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভায় উক্ত ঘটনার বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় সিদ্ধান্ত হয় অভিযোগকারী এবং অভিযুক্ত দুইজনকেই তদন্ত কমিটি জিজ্ঞাসাবাদ করবে। তবে তদন্ত কমিটির আহ্বায়ক অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসান নিরপেক্ষ তদন্তের স্বার্থে কোন কিছু বলতে অস্বীকৃতি জানিয়েছেন।